

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.২৬৭২.০১৭.১৪.১৫০.১৫(অংশ-৩) - ২০৭৮

তাং- ০৩-০৪-২০১৮খ্রিঃ


বিষয়ঃ- প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরধীন “Strengthening and Modernization of Sheikh Hasina National Youth Center” শীর্ষক প্রকল্পের আওতায় জেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর, মাগুড়া কার্যালয়ে ০৪(চার) সপ্তাহ মেয়াদী “Online Earning (SEO, Graphics Desing, Web Development)” Training Course বিষয়ক ০১টি প্রশিক্ষণ কোর্স পরিচালনা করার জন্য প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো।

কোর্সের ব্যয় বিভাজনঃ-

নং	বিবরণ	টাকা পরিমান
০১	প্রশিক্ষনার্থী ভাতা ২৫০/- × ৫০ জন × ২৮দিন	৩,৫০,০০০/-
০২	যাতায়াত ভাতা ১০০০ × ৫০জন	৫০,০০০/-
০৩	ফিল্ড ভিজিট	৫,০০০/-
০৪	সাচিবিক ব্যয়	৩,০০০/-
০৫	প্রশিক্ষণ উপকরণ ব্যয়	৪০,০০০/-
০৬	অতিথি বক্তৃগণের সম্মানী ৭২টি সেশন × ১,০০০/-	৭২,০০০/-
০৭	কোর্স কো-অর্ডিনেটরের সম্মানী	৪,০০০/-
	সর্বমোট=	৫,২৪,০০০/-

সংযুক্তঃ কোর্স পরিচালনা সংক্রান্ত তথ্যাবলী।


(মোরশেদ উদ্দিন আহমদ)

প্রকল্প পরিচালক

“শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রকে
শক্তিশালী ও আধুনিকীকরণ শীর্ষক প্রকল্প”
সাভার, ঢাকা।

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, মাগুড়া।

অনুলিপি :

- ০১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। অফিস কপি।

কোর্স পরিচালনা সংক্রান্ত তথ্যাবলীঃ-

০১। উদ্বোধন ও সমাপনী অনুষ্ঠানে স্থানীয় মন্ত্রী/এমপি/উচ্চপদস্থ সরকারী কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০২। যুব মনোগ্রাম এবং শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট নাম সন্নিবেশিত ব্যাগ সরবরাহ করতে হবে।



শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
আয়োজনে- উপ পরিচালকের কার্যালয়, মাগুড়া।

০৩। নির্বাচিত প্রার্থীগণের শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন এইচ.এস.সি/সমমানের এবং মনোনীত প্রার্থী সরকারী বা অনুমোদিত প্রতিষ্ঠান হতে Computer Course (MS Word, MS Excel, MS PowerPoint, Database, Internet, Networking and Hardware) সম্পন্নকারী হতে হবে, Basic Computer Course সম্পন্নের প্রমাণপত্র মনোনীত প্রত্যেককে একটি করে ল্যাপটপ সহ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে।

০৪। এইচ.এস.সি/সমমান Basic Computer Course সনদের সত্যায়িত ফটোকপি ও NID-র ফটোকপি সংরক্ষণ করতে হবে। বয়সসীমা ১৮ হতে ৩৫ বছর।

০৫। যুব উন্নয়ন অধিদপ্তরের অন্য কোন দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণে অংশগ্রহণ করছে তাদেরকে মনোনীত না করার জন্য অনুরোধ করা হলো।


০৬। প্রত্যেক প্রশিক্ষনার্থীকে প্যাড, কলম ও প্রতিটি সেশনের হ্যান্ডআউটের ফটোকপি সরবরাহ করতে হবে।

০৭। অংশগ্রহণকারীদের গ্রুপ ছবি ও সার্টিফিকেট সরবরাহ করতে হবে (ইংরেজীতে অংশগ্রহণকারীদের নাম, পিতা, মাতার নাম ও ঠিকানা সম্মিলিত তালিকা প্রেরণ সাপেক্ষে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট কর্তৃক পূরণকৃত সার্টিফিকেট সরবরাহ করা হবে)।

০৮। কোর্স শেষে রিসোর্স পার্সনের নাম সহ ও অংশগ্রহণকারীদের ঠিকানা, মোবাইল নম্বর ও ই-মেইল আইডি (যদি থাকে) সহ নামের তালিকা প্রকল্প পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রকে শক্তিশালী ও আধুনিকীকরণ শীর্ষক প্রকল্প বরাবর প্রেরণ করতে হবে।

০৯। যুব ও যুব মহিলাদের সমতার ভিত্তিতে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

১০। প্রশিক্ষণ শেষে ব্যয় বিভাজন মোতাবেক বিল ভাউচারের মূলকপি এবং এক সেট ফটোকপি প্রত্যয়ন পূর্বক জরুরী ভিত্তিতে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। প্রযোজ্য ক্ষেত্রে ভাতা ফরম এবং বিল ভাউচারের মূল কপিতে রাজস্ব স্ট্যাম্প সংযোজন করতে হবে।


(মোরশেদ উদ্দিন আহমদ)
প্রকল্প পরিচালক